

## মুখ্তাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৬]

২. কিতাবুল সৈমান (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ যাকাত ইসলামের একটি রূক্ন

بَابُ الزَّكَاةِ مِنَ الْإِسْلَامِ

আরবী

— عَنْ طَلْحَةَ بْنِ عُبَيْدِ اللَّهِ يَقُولُ: جَاءَ رَجُلٌ إِلَى رَسُولِ اللَّهِ مِنْ أَهْلِ نَجْدٍ ثَائِرَ الرَّأْسِ يُسْمَعُ دَوِيُّ صَوْتِهِ وَلَا يُفْكَهُ مَا يَقُولُ حَتَّى دَنَا فَإِذَا هُوَ يَسْأَلُ عَنِ الْإِسْلَامِ، فَقَالَ رَسُولُ اللَّهِ خَمْسُ صَلَواتٍ فِي الْيَوْمِ وَاللَّيْلَةِ. فَقَالَ: هَلْ عَلَيِّ غَيْرُهَا؟ قَالَ لَا إِلَّا أَنْ تَطَوَّعَ. قَالَ رَسُولُ اللَّهِ وَصِيَامُ رَمَضَانَ. قَالَ: هَلْ عَلَيِّ غَيْرُهُ؟ قَالَ لَا إِلَّا أَنْ تَطَوَّعَ. قَالَ: وَذَكْرُ لَهُ رَسُولُ اللَّهِ الزَّكَاةَ. قَالَ: هَلْ عَلَيِّ غَيْرُهَا؟ قَالَ لَا إِلَّا أَنْ تَطَوَّعَ. قَالَ: فَأَدْبَرَ الرَّجُلُ وَهُوَ يَقُولُ: وَاللَّهِ لَا أَزِيدُ عَلَى هَذَا وَلَا أَنْقُصُ. قَالَ رَسُولُ اللَّهِ أَفْلَحَ إِنْ صَدَقَ. (بخارى: ৪৩)

বাংলা

৪৩) তালহা বিন উবাইদুল্লাহ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা নজদের অধিবাসী একজন লোক রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম-এর নিকট আগমণ করল। তার মাথার চুলগুলো ছিল এলোমেলো। আমরা তার কঠস্বর শুনছিলাম। কিন্তু সে কি বলছে তা আমরা বুঝতে পারছিলামনা। সে একেবারে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের নিকটে এসে বসল। বসেই সে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ইসলাম সম্পর্কে প্রশ্ন করল। উভরে তিনি বলেনঃ ইসলাম হল প্রতিদিন পাঁচ ওয়াক্ত নামায আদায় করা। লোকটি বললঃ পাঁচ ওয়াক্ত নামায ব্যতীত আমার উপর আরো কোন নামায আছে কি? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে ইসলাম বলেনঃ তোমার উপর আর কোন নামায নেই। তবে তুমি যদি নফল নামায পড়তে চাও তার কথা ভিন্ন। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম আরো বলেনঃ রামায়ান মাসের রোয়া রাখ। সে বললঃ রামায়ানের রোয়া ব্যতীত আমার উপর আরো কোন রোয়া আছে কি? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ তোমার উপর আর কোন রোয়া নেই। তবে তুমি যদি নফল রোয়া রাখতে চাও তাহলে রাখতে পার। তারপর নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাকে যাকাতের কথা বলেনঃ সে বললঃ ফরয যাকাত ব্যতীত আমার উপর আরো কোন যাকাত আছে কি? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ তোমার উপর আর কোন ফরয যাকাত নেই। তবে তুমি যদি যদি অতিরিক্ত কিছু সম্পদ নফল হিসাবে সাদকাহ করতে চাও তার কথা ভিন্ন। হাদীছের বর্ণনাকারী বলেনঃ অতঃপর লোকটি এ কথা বলতে বলতে চলে গেল যে, আল্লাহর শপথ! আমি এর চেয়ে বেশীও করবোনা কমও করবোনা। তার কথা

শুনে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বললেনঃ লোকটি যদি সত্য বলে থাকে তাহলে অবশ্যই সফলকাম হবে।

টিকাঃ এ থেকে দলীল নির্ভর আমল কম হলেও তার বরকত যে অনেক বেশী, তাই প্রমাণিত হয়। তাই তাওহীদ ভিত্তিক ও সুন্নাতি আমল করা মুসলিমের কর্তব্য। মনে রাখতে হবে যে, বেশী ছাওয়াবের আশায় বিদআত ও কুসংস্কারে লিঙ্গ হওয়া মানে অতি লাভের আশায় পঁজি হারানোর নামান্তর। আল্লাহ সবাইকে রক্ষা করুন।

## English

To pay Zakat is a part of Islam

Narrated Talha bin 'Ubaidullah:

A man from Najd with unkempt hair came to Allah's Messenger (ﷺ) and we heard his loud voice but could not understand what he was saying, till he came near and then we came to know that he was asking about Islam.

Allah's Messenger (ﷺ) said, "You have to offer prayers perfectly five times in a day and night (24 hours)." The man asked, "Is there any more (praying)?"

Allah's Messenger (ﷺ) replied, "No, but if you want to offer the Nawafil prayers (you can)." Allah's Messenger (ﷺ) further said to him: "You have to observe fasts during the month of Ramadan." The man asked, "Is there any more fasting?" Allah's Messenger (ﷺ) replied, "No, but if you want to

observe the Nawafil fasts (you can)." Then Allah's Messenger (ﷺ) further said to him, "You have to pay the Zakat (obligatory charity)." The man asked, "Is there any thing other than the Zakat for me to pay?" Allah's

Messenger (ﷺ) replied, "No, unless you want to give alms of your own." And then that man retreated saying, "By Allah! I will neither do less nor more than this." Allah's Messenger (ﷺ) said, "If what he said is true, then he will be successful (i.e. he will be granted Paradise)."

## ফুটনোট

ইসলামিক ফাউন্ডেশনঃ 88

ইসলামিক সেন্টারঃ 88

হাদিসের মান: সহিহ (Sahih) পুঁজিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী □ বর্ণনাকারীঃ তালহা ইবনু উবায়দুজ্জাহ্ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=88738>

₹ হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন